


# আইনগুলির সংক্ষিপ্ত বিবরণ

## যা নিউ ইয়র্ক স্টেটের সমস্ত কর্মীকে সুরক্ষা দেয়

এই তথ্য পত্রটি নিউ ইয়র্ক স্টেটের আইনগুলির একটি সংক্ষিপ্ত বিবরণ যেগুলি একজন কর্মচারী হিসাবে আপনাকে সুরক্ষা দেয়। এইসকল আইনে তত্ত্বাবধান করা নিউ ইয়র্ক স্টেট শ্রম দপ্তর (New York State Department of Labor) সকল কর্মচারীদের তাদের অভিবাসন স্থিতি নির্বিশেষে বেতন কেটে নেওয়া সংক্রান্ত বিষয়ে সুরক্ষা প্রদান করে। আপনি যদি নিউ ইয়র্ক স্টেটের যেকোনো অংশে কাজ করেন, আপনার কাছে যদি নথিপত্র না থাকে, আপনি যদি অভিবাসী বা শরণার্থী হয়ে থাকেন, তবুও আপনি আইনের দ্বারা সুরক্ষিত। আমাদের স্টেটে, নিয়োগকর্তাদের অবশ্যই ঘন্টা প্রতি ন্যূনতম পারিশ্রমিক এবং নিচে তালিকাভুক্ত অতিরিক্ত সুবিধাগুলি প্রদান করতে হবে।

## ন্যূনতম যে পারিশ্রমিক প্রদান করা প্রয়োজন

সকল কর্মচারীর তাদের কাজ করা প্রতি ঘন্টার জন্য কমপক্ষে একটি ন্যূনতম পারিশ্রমিক পাওয়ার অধিকারী। অভিবাসনের স্থিতিকে উপেক্ষা করে, এর আওতাধীন থাকছে ফাস্টফুডের সাথে জড়িত কর্মচারী, নেল স্যালনে কর্মরত ব্যক্তি, টিপ কর্মচারী, এবং অন্যান্য।

| স্থান | ন্যূনতম পারিশ্রমিক (01/01/2024 তারিখে) | টিপস পাওয়া যায় এমন পরিষেবার সাথে যুক্ত কর্মচারী* (01/01/2024 তারিখে) | টিপপ্রাপ্ত খাদ্য পরিষেবার কর্মীবৃন্দ* (01/01/2024 তারিখে) |
|---|---|---|---|
| **নিউ ইয়র্ক সিটি** | **$16.00/ঘন্টা** | $13.35 নগদ মজুরি<br>$2.65 টিপ ক্রেডিট | $10.65 নগদ মজুরি<br>$5.35 টিপ ক্রেডিট |
| **লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার** | **$16.00/ঘন্টা** | $13.35 নগদ মজুরি<br>$2.65 টিপ ক্রেডিট | $10.65 নগদ মজুরি<br>$5.35 টিপ ক্রেডিট |
| **নিউ ইয়র্ক স্টেট এর অবশিষ্টাংশ** | **$15.00/ঘন্টা** | $12.50 নগদ পারিশ্রমিক<br>$2.50 টিপ ক্রেডিট | $10.00 নগদ পারিশ্রমিক<br>$5.00 টিপ ক্রেডিট |

নিউ ইয়র্ক স্টেট আইন হোটেল, রেস্টুরেন্ট এবং ক্যাটারিংয়ের মত শিল্পগুলিতে নিয়োগকর্তাদের তাদের পরিশোধ করা পারিশ্রমিকের মধ্যে সেই সকল টিপসকেও যোগ করতে অনুমতি দেয় যদি কর্মচারীরা গ্রাহকদের কাছ থেকে প্রভূত পরিমাণে টিপস পায়। যেমন, নিউ ইয়র্ক সিটির কোনো এক রেস্টুরেন্ট যদি তার কোনো কর্মচারীকে প্রতি ঘন্টায় $10 পারিশ্রমিক (যাকে " নগদে বেতন" বলা হয়) প্রদান করতে পারে, যদি সেই কর্মচারী সেই দিন প্রতি ঘন্টায় কমপক্ষে $5 টিপ হিসাবে ("টিপ হিসেবে উপার্জন") পায়। **খাদ্য পরিষেবার সাথে জড়িত কর্মচারী** বলতে ওয়েট স্টাফ, বারটেন্ডার এবং পরিষ্কার-পরিচ্ছন্নতার সাথে জড়িত ব্যক্তিদের বোঝায়। এরমধ্যে ডেলিভারির সাথে যুক্ত কর্মচারীদের ধরা হয় না। **টিপস পেয়ে থাকে এমন কর্মচারী** বলতে সেই সকল কর্মচারীদের বোঝায় যারা কাস্টমারদের থেকে টিপস পেয়ে থাকে যেমন রেস্টুরেন্টের ভ্যালে পরিষেবার সাথে যুক্ত কর্মচারী এবং হাউসকিপাররা।

আতিথেয়তার সাথে যুক্ত নয় এমন সকল কর্মচারীদের, যদি তারা টিপ পেয়েও থাকে, তাদের সম্পূর্ণ ন্যূনতম পারিশ্রমিক প্রদান করতেই হবে, এর মধ্যে রয়েছে নেল স্যালনের, গাড়ি ধোওয়ার, ভ্যালে পার্কিং, এবং হেয়ার ড্রেসার-এ যুক্ত কর্মচারীরা।

### ওভারটাইম

প্রতি সপ্তাহে 40 ঘন্টার অতিরিক্ত যত ঘন্টার জন্য কোন কর্মচারী কাজ করবে, কর্মচারীদের অবশ্যই কত ঘন্টার জন্য তাদের নিয়মিত বেতনের হারের অর্ধেক হারে পারিশ্রমিক দিতে হবে।

### আহার গ্রহণের সময়

নিউ ইয়র্ক স্টেটের নিয়োগকর্তাদের সকল কর্মচারীদের, নির্দিষ্ট কিছু ঘন্টা কাজ করার পর, আহার গ্রহণ করার জন্য কিছু সময়ের বিরতি প্রদান করতে হবে। সাধারণত, যদি কোনো কর্মচারী 6 ঘন্টার বেশি কাজ করে, তাহলে নিয়োগকর্তাদের ন্যূনতম 30 মিনিটের জন্য অবৈতনিক বিরতি প্রদান করতে হবে।

### পারিশ্রমিক প্রদানের ফ্রিকোয়েন্সি

নিউ ইয়র্ক স্টেট আইন অনুযায়ী কায়িক কর্মচারীদের প্রতি সপ্তাহে পারিশ্রমিক প্রদান করতে হবে এবং ক্লারিক্যাল কেরানি পোস্ট এবং অন্যান্য কর্মচারীদের মাসে অন্ততপক্ষে দুইবার পারিশ্রমিক প্রদান করতে হবে।

### কর্মচারীদের প্রতি নোটিশ

নিয়োগকর্তাদের নিম্নলিখিত নোটিশগুলি কর্মচারীদের প্রদান করতে হবে:

- প্রদত্ত প্রতিটি পারিশ্রমিকের পেমেন্টের বিবরণ সহ পারিশ্রমিকের স্টেটমেন্ট (পে স্টাব)
- পে নোটিশ, যে পারিশ্রমিক প্রদান করা হবে এবং যত ঘন্টা কাজ করা হয়েছে, প্রদত্ত সুযোগ-সুবিধা যেমন বিরতি, বীমা ইত্যাদির উল্লেখসহ যে দিনে পারিশ্রমিক প্রদান করা হবে সেই সম্পর্কিত নোটিশ।

- বরখাস্তের নোটিশ, হলো একটি লিখিত নোটিশ যা কোনো কর্মচারীকে কাজ থেকে বরখাস্ত করার পাঁচটি কর্ম দিবসের মধ্যে প্রদান করা হয়ে থাকে

### সবেতন অসুস্থতার ছুটি

নিউ ইয়র্ক স্টেটের সকল বেসরকারি ক্ষেত্রের (সরকারি নয়) কর্মচারীরা স্টেটের অসুস্থতা এবং সুরক্ষা জনিত ছুটির আইনের আওতাধীন। এর মানে হলো আপনি অসুস্থতা জনিত কারণে কিছু সময়ের জন্য কাজ থেকে বিরতি নিতে পারেন। এই বিরতি সময়সীমা এবং এটি বৈতনিক হবে নাকি অবৈতনিক হবে, তা নিয়োগকর্তার সংস্থার আকারের উপর নির্ভর করে। সকল প্রকারের কর্মচারী যদি সে পার্ট টাইম হিসাবে বা ঋতুভিত্তিতে কাজ করে থাকে তারাও এর আওতাভুক্ত।

### শ্রমিকদের বিরোধ নিষিদ্ধকরণ

আপনার নিয়োগকর্তার কোনো বেআইনি কার্যকলাপ বা সম্ভাব্য সমস্যার কথা রিপোর্ট করা ভীতিকর হতে পারে, তবে নিয়োগকর্তারা শ্রমিক আইনের লঙ্ঘন জনিত বিভিন্ন বিষয়ে আমাদেরকে জানানোর জন্য অথবা শ্রম দপ্তরকে বিভিন্ন তথ্য প্রদান করার জন্য আপনাকে কোনো প্রকারের শাস্তি প্রদান করতে পারে না। আপনি যদি আইন লঙ্ঘন জনিত কোন বিষয়ে রিপোর্ট করে থাকেন, তাহলে আপনার নিয়োগকর্তা এগুলি করতে পারেনা: আপনাকে বরখাস্ত করে দেওয়া, আপনার মাইনে কেটে নেওয়া বা যত ঘন্টা কাজ করেছেন তার সংখ্যা কমিয়ে দেওয়া, আপনাকে অন্য কোনো স্থানে একই কাজে পাঠিয়ে দেওয়া অথবা আপনার পদে অবনতি ঘটাতে পারে না। যদি তারা আপনাকে পদক্ষেপ নেওয়ার জন্য হুমকি দিয়ে থাকে, আপনার সম্পর্কে রিপোর্ট করে, আপনাকে কোথাও নির্বাসিত করে বা অন্য কিছু করে থাকে, সেগুলি সম্পূর্ণ বেআইনি।

## কর্মচারীদের ক্ষতিপূরণ

আপনার কাজের সরাসরি ফলাফল হিসাবে আপনি আঘাত পেলে বা অসুস্থ হয়ে পড়লে, আপনার জন্য সাহায্য রয়েছে। নাগরিকত্ব এবং/অথবা অভিবাসন স্থিতি নির্বিশেষে, নিউ ইয়র্ক স্টেট নিয়োগকর্তাদের প্রত্যেক কর্মীকে শ্রমিকদের ক্ষতিপূরণ বীমা কভারেজ প্রদান করতে চায়। কাজ-সম্পর্কিত আঘাত বা অসুস্থতার ক্ষেত্রে, এই বীমাটি মেডিকেল কেয়ারের জন্য অর্থ প্রদান করে এবং আপনি আপনার আঘাত বা অসুস্থতার কারণে কাজ করতে অক্ষম হলে (বা কম উপার্জন করলে) আপনাকে আংশিক পারিশ্রমিক প্রতিস্থাপন প্রদান করে। আপনি **wcb.ny.gov-এ** গিয়ে বা **877-632-4996** নম্বরে কল করে আরও জানতে পারেন। আপনি যদি ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষায় তথ্য পেতে চান তাহলে বিনামূল্যে ভাষা সহায়তা পরিষেবা পাওয়া যায়।

## অভিযোগ দায়ের করা

যে সকল কর্মচারী ন্যূনতম পারিশ্রমিক পায়নি, তারা শ্রম দপ্তরের কাছে ক্লেম ফাইল করলে আমরা তাদের সেটি পেতে সাহায্য করে থাকি।

### পাওনা পারিশ্রমিক

- আপনার নিয়োগকর্তা পুরো সময় কাজ করার জন্য আপনাকে অর্থ প্রদান করেননি
- আপনার বেতনের চেকটি টাকা না থাকার কারণে বাউন্স হয়ে গিয়েছে
- আপনি আপনার সব টিপস পাননি
- আগে থেকে কোনও নোটিশ না দিয়েই আপনার বেতন কম করে দেওয়া হয়েছে

### পাওনা পারিশ্রমিকের পরিপূরক

- আপনার নিয়োগকর্তা আপনাকে (মৌখিক বা লিখিত) প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও অবকাশের বেতন, ছুটির দিনের বেতন, বোনাস, ইত্যাদির অর্থ প্রদান করেননি।

### ন্যূনতম পারিশ্রমিক / ওভারটাইম

- আপনার নিয়োগকর্তা আপনাকে ন্যূনতম পারিশ্রমিকের থেকে কম পারিশ্রমিক দিয়েছেন।
- আপনার নিয়োগকর্তা এক সপ্তাহে 40 ঘন্টার চেয়ে বেশি কাজ করার জন্য ওভারটাইম প্রদান করেননি।

### পারিশ্রমিক সংক্রান্ত নয় এমন বিষয়

- আপনার নিয়োগকর্তা প্রয়োজনীয় খাবারের সময়কাল, বিশ্রামের দিন, পে স্টাব, বেতনের নোটিশ, সময়মতো বেতন প্রদান করতে ব্যর্থ হয়েছেন, বা অভিযোগ দায়ের করার জন্য আপনার বিরুদ্ধে নেতিবাচক ব্যবস্থা গ্রহণ করেছেন।

### অভিযোগের ফর্ম

- English: **dol.ny.gov/labor-standards-complaint-form-ls223**
- Albanian: **dol.ny.gov/ls223al-albanian-labor-complaint-form**
- Arabic: **dol.ny.gov/ls223ar-arabic-labor-complaint-form**
- Bengali: **dol.ny.gov/ls223bn-bengali-labor-complaint-form**
- Chinese: **dol.ny.gov/ls223c-chinese-labor-complaint-form**
- French: **dol.ny.gov/ls223f-french-labor-complaint-form**
- Greek: **dol.ny.gov/ls223g-greek-labor-complaint-form**
- Haitian Creole: **dol.ny.gov/ls223hc-haitian-creole-labor-complaint-form**
- Hindi: **dol.ny.gov/ls223h-hindi-labor-complaint-form**
- Italian: **dol.ny.gov/ls223i-italian-labor-complaint-form**
- Japanese: **dol.ny.gov/ls223j-japanese-labor-complaint-form**
- Korean: **dol.ny.gov/ls223k-korean-labor-complaint-form**
- Polish: **dol.ny.gov/ls223p-polish-labor-complaint-form**
- Portuguese: **dol.ny.gov/ls223pg-portuguese-labor-complaint-form**
- Russian: **dol.ny.gov/ls223r-russian-labor-complaint-form**
- Spanish: **dol.ny.gov/ls223s-spanish-labor-complaint-form**
- Urdu: **dol.ny.gov/ls223ur-urdu-labor-complaint-form**
- Yiddish: **dol.ny.gov/ls223y-yiddish-labor-complaint-form**

### পূরণ করা ক্লেম ফর্মটি এখানে জমা দিন:

**NYS DOL, Division of Labor Standards**
**State Office Campus**
**Building 12, Room 266B Albany, NY 12226**

অভিযোগ দায়ের করতে যদি আপনার অতিরিক্ত সাহায্যে প্রয়োজন হয়, তাহলে এই নম্বরে ফোন করুন: **1-888-469-7365**.

নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তর একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কার্যক্রম।
অক্ষম ব্যক্তিদের অনুরোধের সাপেক্ষে এবং বিনামূল্যে সাহায্যকারীর থেকে সহায়তা এবং পরিষেবা পেতে TTY/TDD 711 বা 1-800-662-1220 (ইংরেজি) / 1-877-662-4886 -তে যোগাযোগ করুণ।